# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

# নোবিপ্রবি'র প্রাতিষ্ঠানিক ইমেইল এবং সংযুক্ত সার্ভিসসমূহ গ্রহণের নীতিমালা-২০২২

# নোবিপ্রবি'র প্রাতিষ্ঠানিক ইমেইল এবং সংযুক্ত সার্ভিসসমূহ গ্রহণের নীতিমালা-২০২২

ধারা-১। সংক্ষিপ্ত শিরোনাম: এই নীতিমালা 'নোবিপ্রবি'র প্রাতিষ্ঠানিক ইমেইল এবং সংযুক্ত সার্ভিসসমূহ গ্রহণের নীতিমালা-২০২২' নামে অভিহিত হবে।

ধারা-২। সংজ্ঞা: এ নীতিমালায় উল্লেখিত বিষয়ের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই নীতিমালায় বর্ণিত শব্দসমূহের অর্থ নিম্নরূপ হবে:

ক) নোবিপ্রবি আইন বলতে বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক প্রণীত ২০০১ সালের ৪১ নং আইন বোঝাবে।

খ) 'NSTU SOFTBOX' বা ইমেইল সিস্টেম অথবা সংক্ষেপে শুধু সিস্টেম বা সার্ভিস বলতে নোবিপ্রবি প্রদত্ত প্রাতিষ্ঠানিক ইমেইল এবং সংযুক্ত সার্ভিসসমূহ বোঝাবে।

গ) বিশ্ববিদ্যালয় বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বোঝাবে।

ঘ) ভাইস-চ্যান্সেলর বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরকে বোঝাবে।

ঙ) কর্তৃপক্ষ বলতে ভাইস-চ্যান্সেলরকে বোঝাবে।

চ) শিক্ষক বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকবৃন্দকে বোঝাবে।

ছ) কর্মকর্তা বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের বোঝাবে।

জ) কর্মচারী বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মচারীদের বোঝাবে।

ঝ) শিক্ষার্থী বলতে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের বোঝাবে।

ঞ) ব্যবহারকারী বলতে চ-ঝ শ্রেণিতে উল্লেখিত যেকোন ব্যক্তি হবেন যিনি এই ইমেইল এবং সংযুক্ত সেবা গ্রহণ করেছেন।

# নোবিপ্রবি'র প্রাতিষ্ঠানিক ইমেইল এবং সংযুক্ত সার্ভিসসমূহ গ্রহণ করে একজন ব্যবহারকারী যেসব নীতিমালায় সম্মতি দিচ্ছেন:

১। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক ইমেইল সার্ভিস, সংযুক্ত গুগল ক্লাউড/ ড্রাইভ স্টোরেজ, গুগল ক্লাসরুম, অফিস অ্যাপস এবং অন্যান্য বর্তমানে সংযুক্ত এবং অনাগত সার্ভিসসমূহকে একত্রে 'NSTU SOFTBOX' বলা হবে। নোবিপ্রবি সাইবার সেন্টার এর বাস্তবায়নকারি এবং তদারকি কর্তৃপক্ষ।

২। নোবিপ্রবি সাইবার সেন্টার থেকে প্রাপ্ত আপনার প্রাতিষ্ঠানিক ইমেইল একাউন্ট এর মালিক নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং এর সর্বস্বত্ব সংরক্ষিত। পূর্বঘোষণা ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় প্রয়োজনে যে কোন নীতিমালা গ্রহণ বা পরিবর্তন করতে পারবে।

৩। NSTU SOFTBOX সার্ভিসটি GOOGLE WORKSPACE FOR EDUCATION মডিউল ব্যবহার করে চালিত হয়ে থাকে তাই নোবিপ্রবি GOOGLE এর শর্তসমূহ মেনে চলে যা সকল ব্যবহারকারীর ক্ষেত্রেও প্রযোজ্য।

৪। এই সার্ভিসটি শুধুমাত্র নোবিপ্রবির শিক্ষক, কর্মকর্তা এবং উপযুক্ত ক্ষেত্রে শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য প্রযোজ্য। সকল শর্তপূরণ সাপেক্ষে একজন ব্যবহারকারী এই বিশ্ববিদ্যালয়ে যতদিন চাকুরীরত থাকবেন অথবা অধ্যয়ন করবেন, ততদিন এই সার্ভিসটি পেতে থাকবেন। চাকরি ছেড়ে যেতে হলে, সাইবার সেন্টারের কাছ থেকেও ছাড়পত্র নিতে হবে। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ যোগাযোগ এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রাতিষ্ঠানিক পর্যায়ে (যেমন: বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে কলাবরেশন, ইত্যাদি) যোগাযোগে অবশ্যই প্রাতিষ্ঠানিক ইমেইল ব্যবহার করতে হবে।

৫। চাকুরী ছেড়ে যাওয়া অথবা অধ্যয়ন শেষ করার পরও যদি কোন ব্যবহারকারী শুধুমাত্র গবেষণা সংশ্লিষ্ট প্রয়োজনে এই ইমেইল অ্যাড্রেস ব্যবহার করতে চায়, তবে ন্যূনতম পাঁচটি প্রকাশনা নোবিপ্রবির অ্যাফিলিয়েশন এ প্রকাশ করেছেন মর্মে প্রমাণস্বরূপ প্রকাশনার কপিসহ ইমেইল সিস্টেম রক্ষণাবেক্ষণকারি দপ্তরে অবশ্যই ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। যাচাইবাছাই শেষে আবেদনকারীকে সর্বোচ্চ ৫ গিগাবাইট টোটাল স্টোরেজসহ তাকে তার একাউন্ট সীমিত পরিসরে ব্যবহারের জন্যে ফিরিয়ে দেয়া হবে। সেক্ষেত্রে ইমেইল একাউন্ট অন্য সাবডোমেইন (উদাহরণস্বরূপ, alumni.nstu.edu.bd; former.nstu.edu.bd) এ ট্রান্সফার করা হবে এবং বর্তমান একাউন্টটি ইমেইল এলিয়াস হিসেবে থাকবে যাতে করে ব্যবহারকারী তার পুরনো ঠিকানায় ইমেইল গ্রহণ করতে পারেন কিন্তু শুধুমাত্র নতুন ঠিকানা থেকে ইমেইল পাঠাতে পারবেন।

৬। সম্পূর্ণ ইমেইল সিস্টেমের সুষ্ঠু ব্যবহার, নিরাপত্তা নিশ্চিত, ও ইমেইল ফ্রডিং কমাতে ইমেইল অ্যাড্রেস তৈরি করতে, শিক্ষকগণের ক্ষেত্রে @nstu.edu.bd, প্রশাসনের ক্ষেত্রে @admin.nstu.edu.bd, শিক্ষার্থীদের ক্ষেত্রে @student.nstu.edu.bd এবং অফিস ইউনিট সমূহের জন্যে @office.nstu.edu.bd এই ডোমেইনগুলি ব্যবহার করতে হবে। এই ঠিকানা কম্পোজে শুধুমাত্র সার্টিফিকেট নামের যেকোনো অংশ ব্যবহার করতে হবে। শিক্ষকগণের ক্ষেত্রে নামের অংশের সাথে ডিপার্টমেন্টের সংক্ষিপ্তরূপ একটি ডট (.) দিয়ে যুক্ত করতে হবে (example.bge@nstu.edu.bd)। প্রশাসনের সাথে যুক্ত ব্যক্তিদের ফর্মাল নামের যেকোনো অংশ ব্যবহার করতে হবে (example@admin.nstu.edu.bd)। শিক্ষার্থীদের ফর্মাল নামের যেকোনো একটি অংশের সাথে ডিপার্টমেন্টের কোড এবং বিশ্ববিদ্যালয়ের কমন ব্যাচ নাম্বার যুক্ত করতে হবে (example0315@student.nstu.edu.bd; 03=Pharmacy, 15th batch)। অফিস ইউনিট সমূহের পূর্ণ বা সংক্ষিপ্ত যে নামটিতে অ্যাড্রেসটি সহজপাঠ্য হবে সেটি ব্যবহার করতে হবে (যেমন, iit@office.nstu.edu.bd)।

৭। সাইবার সেন্টার থেকে অ্যাকাউন্টটি নেওয়ার পর কোন কারনে ব্যবহার করতে ইচ্ছুক না হলে, অ্যাকাউন্টটি হাতছাড়া হয়ে গেলে, অথবা দুই মাসের বেশি পরিত্যক্ত করে রাখলে সেটি লিখিতভাবে সাইবার সেন্টার কে জানাতে হবে এবং সাইবার সেন্টার থেকে পাঠানো নিশ্চিতকরণ ইমেইল সংরক্ষণ করতে হবে। ব্যবহারকারী নিজেই তার একাউন্টের সুরক্ষা নিশ্চিত করবেন এবং বরাদ্দকৃত একাউন্ট এর (অপ)ব্যবহারের সম্পূর্ণ দায় দায়িত্ব তাকেই নিতে হবে।

৮। একজন শিক্ষার্থী তার ক্লাস রোল নাম্বার এর বিপরীতে শুধুমাত্র একটি একাউন্ট এর জন্য বিবেচিত হবেন। আন্ডার গ্রাজুয়েট এবং গ্রাজুয়েট উভয় কোর্স এর ক্ষেত্রে পরিস্থিতি বিবেচনায় ভিন্ন ভিন্ন আইডি প্রদান করা হতে পারে, অথবা পূর্বের আইডি বহাল রাখা হতে

ডিএকটিভেট হয়ে যাবে এবং এর পূর্বেই শিক্ষার্থী তার সংরক্ষিত ডেটা অন্যত্র সরিয়ে নিবেন নতুবা পরবর্তীতে আর ফিরে পাওয়া যাবে না।

৯। একজন শিক্ষার্থী ইমেইল, ড্রাইভ এবং অন্যান্য সার্ভিস মিলিয়ে সর্বোচ্চ পাঁচ গিগাবাইট স্টোরেজ ব্যবহার করতে পারবেন। ক্লাস ভিডিয়ো বা অন্য কোন বড় সাইজের ফাইল শিক্ষক তার ড্রাইভে আপলোড করে উনার শিক্ষার্থীদের সাথে লিংক শেয়ার করবেন। সার্ভারে কোন অনুনোমদিত সফটওয়ার আপলোড করা যাবে না। স্টোরেজ এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে একাডেমিয়া/ অফিসের বাইরের কোন ফাইল আপলোড করা যাবে না, যা সকল ব্যবহারকারীর ক্ষেত্রে প্রযোজ্য।

১০। এই সার্ভিসের আওতায় নির্দিষ্ট কোন গোষ্ঠী Google Group/ Collaborative Inbox সৃষ্টি করলে, সেই গ্রুপে নতুন লেখা/ পোস্ট প্রকাশের সেটিংস ব্যবহারকারীরাই তাদের নিজেদের বোঝাপড়ায় ঠিক করবেন।

১১। এই ই-মেইল অ্যাকাউন্টটি ব্যবহারকারী বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ যে কোন যোগাযোগ এবং সেবা গ্রহণ, বিশ্ববিদ্যালয়ের বাইরে উচ্চশিক্ষা, জার্নালে পেপার সাবমিশন, একাডেমিক আইটেম সাবস্ক্রিপশন এবং অন্যান্য সম্পর্কিত কাজে ব্যবহার করতে পারবেন। এই অ্যাকাউন্ট ব্যবহার করে কোন জার্নালে পেপার সাবমিশনের সময় তা PLAGIARISM মুক্ত কিনা নিশ্চিত হয়ে সাবমিট করতে হবে, অন্যথায় বিশ্ববিদ্যালয় প্রাতিষ্ঠানিক পর্যায়ে ক্ষতির সম্মুখীন হতে পারে।

১২। এই অ্যাকাউন্ট ব্যবহার করে যে কোন পাইরেটেড সাবস্ক্রিপশন (এমনকি GRAMMARLY, TURNITIN, MS Office, ইত্যাদির পাইরেটেড ভার্সন), যেকোনো ইন্টারটেইনমেন্ট স্ট্রিমিং সার্ভিস, নিষিদ্ধ ওয়েবসাইট, কম্প্রোমাইজড ওয়েব এপ্লিকেশন, সফটওয়্যার, ডেটা স্টোরেজ সার্ভিস এবং কোন কোম্পানির কপিরাইট বিঘ্নিত হয় এমন কোন কাজ করা যাবে না। একাডেমিক বা অভ্যন্তরীণ অফিশিয়াল নয় এমন যে কোন কাজের ক্ষেত্রে এই একাউন্টের ব্যবহার অনুৎসাহিত এবং ক্ষেত্রবিশেষ নিষিদ্ধ।

১৩। এই সিস্টেম ব্যবহারের ফলে ব্যবহারকারী GOOGLE এর ANTI SPAMMING নীতিমালা মেনে চলতে সম্মত থাকবেন। উক্ত নীতিমালা ভঙ্গে GOOGLE যদি ব্যবহারকারীর অ্যাকাউন্টটি ডিএকটিভেট অথবা সাসপেন্ড করে দেয় তাহলে ব্যবহারকারী পরবর্তী এক বছর নতুন কোন একাউন্ট পাবেন না এবং পরবর্তীতে একাউন্ট নিতে ৫০০ টাকা জরিমানা বিশ্ববিদ্যালয় কোষাগারে পরিশোধ করতে হবে।

১৪। এই ইমেইল ব্যবহার করে অন্য যে কোন প্রতিষ্ঠানের যে কারো সাথে যোগাযোগে কোনভাবেই ঝগড়ায় বা প্রতারণায় লিপ্ত হওয়া যাবে না, বিশেষ করে দেশে বা বিদেশে অবস্থিত অন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সাথে। এ ধরনের ঘটনার সুদূরপ্রসারি প্রভাব থাকে যা বিশ্ববিদ্যালয়ের মানহানি করতে পারে অথবা পরবর্তীতে ওইসব প্রতিষ্ঠানের প্রতি আগ্রহী নোবিপ্রবির বর্তমান বা সাবেক কোন সদস্যকে বঞ্চিত বা বিপদে ফেলতে পারে।

১৫। এই সিস্টেম ব্যবহার করে কোন ব্যবহারকারী অভ্যন্তরীণ বা বাইরের কারও সাথে যোগাযোগে তার পদ-পদবী অথবা অন্য কোন বিষয়ে কোন মিথ্যা দাবী করে কাউকে বিভ্রান্ত করতে পারবেন না।

১৬। দেশে প্রচলিত আইন অনুযায়ী মেধাস্বত্ব ভঙ্গ, মানহানি, বৈষম্য, নিপীড়ন, যৌন হয়রানি এবং অন্যান্য অপরাধ যা লিখিত মাধ্যমে করা সম্ভব তার সবই ইমেইল এর ক্ষেত্রে ও প্রযোজ্য।

১৭। এই সিস্টেম ব্যবহার করে অন্যের যে কোন প্রকারের ক্ষতিসাধন, উগ্রবাদ, সন্ত্রাস, এবং রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাভঙ্গে কোনরূপ অংশগ্রহণ করা সম্পূর্ণ নিষেধ এবং এরূপ ঘটলে বিশ্ববিদ্যালয় প্রচলিত আইনের সহয়তা নিয়ে প্রতিকার করবে।

১৮। এই অ্যাকাউন্ট দিয়ে নোবিপ্রবির বাইরে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে ব্যবহারকারীর ব্যক্তিগত যোগাযোগের কারণে যদি বিশ্ববিদ্যালয় আইনগত বা আর্থিকভাবে বিরূপ পরিস্থিতির শিকার হয়, উক্ত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় ব্যবহারকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা বা আর্থিকভাবে জরিমানা অথবা উভয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১৯। নিরাপত্তা - যদিও GOOGLE অত্যন্ত সুরক্ষিত ইমেইল সিস্টেম নিশ্চিত করে তারপরেও ইমেইল সব সময় ডেটা কম্প্রোমাইজ হওয়ার ঝুঁকিতে থাকে। এর সব থেকে বড় কারণ আমাদের অরক্ষিত কম্পিউটার, ওপেন ওয়াইফাই কানেকশন এবং মোবাইল ডিভাইস। স্পর্শকাতর এবং অত্যন্ত গোপনীয় ডেটা পাঠানোতে সতর্কতা অবলম্বন করুন।

২০। নোবিপ্রবির প্রশাসনিক কাজে যুক্ত সকল ব্যক্তির অফিশিয়াল যোগাযোগে সৃষ্ট ডেটার মালিক নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। আপনার প্রাতিষ্ঠানিক ইমেইল একাউন্টে আসা ইমেইলগুলো এই প্রতিষ্ঠানের নয় এমন ইমেইল একাউন্টে ফরওয়ার্ড করা নিষিদ্ধ। আপনি কোন প্রশাসনিক দায়িত্বে থাকাকালে যে ডেটা সৃষ্টি হবে, তা পরবর্তী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বুঝিয়ে দিতে হবে। উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোন ডেটা ডিলিট করে বিশ্ববিদ্যালয়ের মূল্যবান সম্পদ নষ্ট করা নিষিদ্ধ।

২১। বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত NSTU SOFTBOX তদারকি কর্তৃপক্ষ কোন শিক্ষক বা কর্মকর্তার একাউন্টের ডিফল্ট সেটিংসে গুগল কর্তৃক স্বয়ংক্রিয় প্রবর্তিত নয় এমন কোন নতুন পরিবর্তন আনতে হলে, অবশ্যই পূর্বে পাঁচ দিনের ব্যবধানে দুইটি ইমেইল (রিকভারি ইমেইলে কপিসহ) দিয়ে অবহিত করতে হবে। তদারকি কর্তৃপক্ষ সর্বোচ্চ নিরপেক্ষতা, সাধুতা, নৈতিকতা, সততা ও পারস্পারিক শ্রদ্ধাবোধ নিশ্চিত করে সকলের তথ্য গোপনীয়তা নিশ্চিত করবেন এবং হ্যাকারদের আক্রমণ থেকে একাউন্টের সুরক্ষা নিশ্চিতকল্পে সচেষ্ট থাকবেন। ব্যবহারকারীরা ব্যক্তিগত ও পারিবারিক বিষয়াদি এই সিস্টেমে আদান-প্রদান করবেন না।

২২। বিশ্ববিদ্যালয়ের এবং রাষ্ট্রের প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে ব্যবহারকারীর একাউন্টটি স্থায়ীভাবে নিষ্ক্রিয়করণ করার অধিকার সংরক্ষিত।

২৩। ব্যবহারকারী যদি কখনো তার অ্যাকাউন্টটি কম্প্রোমাইজড হয়েছে বলে মনে করেন, বিলম্ব না করে NSTU SOFTBOX তদারকি কর্তৃপক্ষ, বর্তমানে সাইবার সেন্টারে ইমেইল করবেন। সাইবার সেন্টারের সাথে যোগাযোগে শুধুমাত্র অফিসিয়াল ইমেইল যোগাযোগ করতে হবে এবং প্রাপ্তিস্বীকার ইমেইলটি সংরক্ষণ করতে হবে। শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্যে cybercenter@nstu.edu.bd এবং শিক্ষার্থীদের জন্যে softbox@nstu.edu.bd এই ইমেইল অ্যাড্রেসে যোগাযোগ করতে হবে।

**নীতিমালা প্রণয়ন কমিটি:**

01.12.2022
**ড. মুহাম্মদ আলমগীর সরকার**
ডেপুটি রেজিস্ট্রার, প্রশাসন শাখা,
রেজিস্ট্রার দপ্তর ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, নোবিপ্রবি।

01.12.2022
**জনাব এ আর এম মাহমুদুল হাসান রানা**
সহকারী অধ্যাপক ও পরিচালক (ভারপ্রাপ্ত),
সাইবার সেন্টার, নোবিপ্রবি ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, নোবিপ্রবি।

02.12.22
**প্রফেসর ড. মো: আশিকুর রহমান খান**
চেয়ারম্যান, আইসিই বিভাগ ও
পরিচালক, আইসিটি সেল এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, নোবিপ্রবি।

01/12/2022
**ড. ফাহাদ হুসাইন**
সহকারী অধ্যাপক, ফার্মেসী বিভাগ ও
সহকারী পরিচালক, সাইবার সেন্টার এবং
সদস্য-সচিব সংশ্লিষ্ট কমিটি, নোবিপ্রবি।

00/12/22
**অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী**
প্রো-ভাইস-চ্যান্সেলর ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি, নোবিপ্রবি।